দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 2002
পৃঃ ১ ৬ কলাম ১

# বিরোধী দল শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করতেই শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে

............চট্টগ্রাম সর্বদলীয় সংগ্রাম পরিষদ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম মহানগর সর্বদলীয় সংগ্রাম পরিষদের সভায় নেতৃবৃন্দ বলেছেন, বিরোধী দল শিক্ষাঙ্গনকে কলুষিত করার কু'মানসে এবং শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করতেই পরিকল্পিতভাবে শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে। কিন্তু বিগত স্বৈরাচারী শেখ হাসিনার বিরুদ্ধে আন্দোলনে জনগণ যেভাবে জীবনবাজি রেখেছিল ভবিষ্যতেও অপশক্তির সকল ষড়যন্ত্র মোকাবিলা করবে।

গত রবিবার বিকেলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এবং বিএনপির সভাপতি মীর মোহাম্মদ নাসির উদ্দিনের সভাপতিত্বে এনেসেল ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। সংগ্রাম পরিষদের যুগ্ম আহবায়ক ও নগর জাপা সভাপতি জাহাঙ্গীর আলম, জামায়াতে ইসলামীর আমীর মাওলানা শামসুল ইসলাম, সাবেক এমপি মিসেস রোজী কবীর, ইসলামী ঐক্যজোটের আবদুর রহমান চৌধুরী, নগর বিএনপির সাধারণ সম্পাদক আলহাজ দস্তগীর চৌধুরী, এডভোকেট আবদুস সাত্তার, জামায়াত নেতা অধ্যাপক আহসান উল্লাহ, আফসার উদ্দিন চৌধুরী প্রমুখ। সভাপতির বক্তব্যে মীর মোহাম্মদ নাসিরউদ্দিন পরাজিত অপশক্তির বিরুদ্ধে প্রবল জনমত গড়ে তোলার জন্য চারদলের নেতা-কর্মীদের প্রতি আহবান জানান।